দপ্তরের নামঃ জেলা সমবায় কার্যালয়,নীলফামারী
অধিদপ্তরের নামঃ সমবায় অধিদপ্তর,ঢাকা
মন্ত্রণালয় / বিভাগের নামঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## নাগরিক সেবায় উদ্ভাবন

১। সেবা প্রোফাইলঃ

**(ক) সেবার নাম:**সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন ( www.coopmanagedev.gov.bd ) শীর্ষক একটি সফটওয়্যার এর মাধ্যমে সমবায়ীদের অনলাইন সেবা প্রদান।

**(খ) উদ্ভাবনকারীর পরিচিতি:** মোঃ আব্দুস সবুর,উপ সহকারী নিবন্ধক ও জেলা সমবায় অফিসার(ভাঃপ্রাঃ),নীলফামারী।

**(গ) উদ্ভাবন প্রকল্পটি গ্রহণের প্রেক্ষাপট:** সমবায় সমিতিগুলোর পরিচালনার মূল চালিকাশক্তি হচ্ছে এর ব্যবস্থাপনা কমিটি। আর অধিকাংশ ক্ষেত্রেই দেখা যায় ব্যবস্থাপনা কমিটি সঠিক সময়ে ও যথাযথ পদ্ধতিতে পুনর্গঠন হয় না। উল্লেখ্য যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ শেষ হওয়া সংক্রান্ত বিদ্যমান পদ্ধতিতে কোন রিমাইনডার দেয়ার ব্যবস্থা না থাকায় অসচেতনভাবে কমিটির মেয়াদ উর্ত্তীন হয়ে যায় ফলে বৈধ কমিটি সমিতিতে না থাকায় সমিতির কার্যক্রমে অস্বচ্ছতার ফলে হতাশা দেখা যায়। এছাড়া সহজ পদ্ধতিতে মনিটরিং এর ব্যবস্থা না থাকায় যথা সময়ে এ,জি,এম ও লভ্যাংশ বিতরন হয় না, একইভাবে সহজ ও তাৎক্ষনিক ব্যবস্থা না থাকায় অডিট সম্পাদনের ক্ষেত্রে নোটিশ প্রেরণসহ ইত্যাদি কাজে এবং প্রশিক্ষণ ও সাধারণ পত্র যোগাযোগে অধিক সময় ও সংশ্লিষ্ট অফিসসমূহে বারবার যাতায়াতের ক্ষেত্রে অধিক অর্থ ব্যয় হওয়ায় এক সময়ে সমিতির সদস্যরা আগ্রহ হারিয়ে সমিতি অকার্যকর হয়ে পড়ে। সমিতিগুলোর এ অবস্থা থেকে উত্তোরনের লক্ষে এবং অনলাইন ভিত্তিক সহজে সেবা প্রদান করে সমিতিগুলোকে হালনাগাদ বৈধ কমিটি গঠন, নিয়মিতভাবে বার্ষিক সাধারন সভা অনুষ্ঠান ও লভ্যাংশ বিতরণ, সহজে অডিট, প্রশিক্ষণ ও অন্য যে কোন জরুরি ম্যাসেজ প্রদান করে সমিতির আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন নিশ্চিত করার লক্ষে মুলত এ অনলাইন ভিত্তিক সেবা প্রদানের সফট্ওয়ারটি তৈরী করা হয়।

**(ঘ) আইডিয়া গ্রহণ পূর্ব বিদ্যমান পদ্ধতি :** অফিসের নির্বাচন রেজিষ্টার ও নির্বাচনী ক্যালেন্ডার ম্যানুয়ালী সংরক্ষণ করা হয়। নির্বাচনী রেজিষ্টার / ক্যালেন্ডার দেখে সমিতিগুলোর কাছে নির্বাচনী প্রক্রিয়া শুরুর পত্র ডাকযোগে পাঠানো হয়। এ কাজে অধিকাংশ সময়ের ব্যত্যয় ঘটে ও সময় ক্ষেপন হয়। নির্বাচন,এজিএম,লভ্যাশ বিতরণ,অডিট ও অন্যান্য যে কোন নোটিশ ডাকযোগে কিংবা বাহক মারফত সমিতিতে প্রেরণ করা হলে বেশির ভাগ ক্ষেত্রে পত্র পাওয়ার পর কার্যক্রম গ্রহণে পর্যাপ্ত সময় থাকে না। অনেক ক্ষেত্রে সময় অতিক্রান্ত হয়ে যায়।পর্যাপ্ত জনবলের অভাবে নিয়মিতভাবে নির্বাচনী ক্যালেন্ডার না দেখায় সমিতিকে অবহিতকরণ সম্ভব হয় না। বিদ্যমান অবস্থায় স্মরণ করিয়ে দেয়ার (Reminder ) কোন ব্যবস্থা নেই।

**(ঙ)উদ্ভাবনী আইডিয়ায় প্রদত্ত সেবার ধরণ :** সমবায় সমিতিগুলোতে অনলাইন এ সেবা প্রদানের লক্ষ্যে একটি সফটওয়্যার কোম্পানীর নিকট হতে প্রয়োজনীয় আইডিয়া সন্নিবেশ করে সফটওয়্যার তৈরী করিয়ে নেয়া হয়। নির্মিত সফটওয়ারে এডমিন সাইট হতে অনলাইনে সমিতিগুলোর ব্যবস্থাপনা সংক্রান্ত ডাটা যেমন (১) সমিতির নাম, ঠিকানা, রেজি নং ও তারিখ (২) সর্বশেষ নির্বাচন / নতুন সমিতি নিবন্ধন / অন্তর্বর্তী কমিটি গঠনের তারিখ (৩) কমিটির মেয়াদ (৪) সর্বশেষ বার্ষিক সাধারন সভার বছর ও তারিখ (৫) সর্বশেষ অডিট বছর ও তারিখ (৬) অফিস কর্মকর্তা ও সমিতির সভাপতি / সম্পাদকের মোবাইল নম্বর এন্ট্রি দেয়া রয়েছে। কমিটির মেয়াদ ও এ.জি.এম ও অডিট সংক্রান্ত তিনটি Standard ম্যাসেজ (পরিবর্তন যোগ্য) এন্ট্রিসহ একটি সাধারন ম্যাসেজ বক্স রয়েছে। অনলাইন পদ্ধতিতে (।) সমিতির তালিকা ও (।।) কমিটির মেয়াদ, দেখা ও প্রিন্ট কপি নেয়া যাবে। মূলত: এটি ডিজিটাল নির্বাচনী ক্যালেন্ডার হিসেবেও কাজ করছে। প্রত্যেক সমিতির কমিটির মেয়াদের দিন Auto count down হচ্ছে এবং ৯০ দিন পূর্বে সংশ্লিষ্ট সমিতির সভাপতি / সম্পাদক এবং অফিস কর্মকর্তার এন্ট্রি দেয়া তিনটি) ফোন নম্বরে কমিটি পূনর্গঠন করার প্রস্তুতি গ্রহণের ম্যাসেজ স্বয়ংক্রিয়ভাবে যাচ্ছে। এই ম্যাসেজ সমিতির সভাপতি/সম্পাদকের পাশাপাশি কর্মকর্তার ফোন নম্বরে যাওয়ার ফলে তিনি মোবাইল ফোনে কিংবা হার্ড কপি প্রেরণ করে পুনরায় ব্যবস্থাপনা কমিটিকে তাগাদা দিতে পারছেন। কমিটির মেয়াদ সংক্রান্ত ম্যাসেজ পরবর্তী যে কোন সময়েও একাধিকবার প্রেরণ করা যায়। এছাড়া এ.জি.এম, লভ্যাংশ বিতরন ও অডিট সংক্রান্ত এমনকি অন্য যে কোন জরুরী ম্যাসেজ সমিতির সভাপতি/ সম্পাদক বরাবরে তাৎক্ষনিক প্রেরণ করা হচ্ছে। এন্ট্রি দেয়া সমিতিগুলো তিনটি কালারে প্রদর্শন হবে। ৯০ দিনের উর্দ্ধে মেয়াদ থাকা সমিতিগুলো সবুজ কালার,৯০ দিনের কম সমিতি গুলোর ক্ষেত্রে হলুদ এবং মেয়াদ উর্ত্তীন্ন সমিতিগুলোর ক্ষেত্রে লাল কালার প্রদর্শন হচ্ছে। মেয়াদ শেষ হওয়া সমিতিগুলির ক্ষেত্রে লাল রং প্রদর্শনের ফলে ঐ সমিতিগুলির

সমিতিগুলোর ক্ষেত্রে লাল কালার প্রদর্শন হচ্ছে। মেয়াদ শেষ হওয়া সমিতিগুলির ক্ষেত্রে লাল রং প্রদর্শনের ফলে ঐ সমিতিগুলির অন্তর্বর্তী কমিটি গঠন সহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করে সমিতিগুলিকে সচল করা সম্ভব হচ্ছে। সফট্ওয়ারটি যেকোন স্মার্ট ফোনে ব্যবহার উপযোগী হওয়ায় এডমিন (জেলা সমবায় অফিসার) ও সহযোগী এডমিন (উপজেলা সমবায় অফিসার) যে কোন স্থান থেকেই অতি সহজেই অল্প সময়ের মধ্যেই জেলার বা উপজেলার সমবায় সমিতিগুলির সর্বশেষ অবস্থা দেখে তাৎক্ষনিকভাবে সমিতির সাথে মোবাইল ফোনে প্রয়োজনীয় যোগাযোগ ও দিক নির্দেশনা প্রদান করতে পারেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে বিভাগীয় যুগ্ম নিবন্ধক এবং নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় দেশের যে কোন উপজেলার সমবায় সমিতিগুলোর ব্যবস্থাপনা সংক্রান্ত (কমিটির মেয়াদ,এজিএম, অডিট ) সর্বশেষ তথ্য তাৎক্ষনিকভাবে সফটওয়্যারের মাধ্যমে জানতে পারবেন।

## (চ) প্রস্তাবিত সেবার প্রসেস ম্যাপ :

সফট্ওয়্যার কোম্পানী বাছাই

↓

আইডিয়া নিয়ে সফট্ওয়্যার কোম্পানীর সাথে আলোচনা

↓

আইডিয়া ভিত্তিক অনলাইন সফট্ওয়্যার তৈরী

↓

প্রশিক্ষণ প্রদান

↓

এডমিন রেজিষ্ট্রেশন

↓

উপজেলা এডমিন কর্তৃক ডাটা এন্ট্রিকরন

↓

উপজেলা এডমিন এর কার্যক্রম শুরু
(নির্বাচন সহ এজিএম, অডিট ও সাধারণ ম্যাসেজ প্রদান)

↓

জেলা এডমিন এর কার্যক্রম শুরু

↓

বিভাগীয় এডমিন কর্তৃক তদারকি

↓

ডিজি এডমিন কর্তৃক তদারকি

**(ছ) প্রকল্প বাস্তবায়ন এলাকা :** প্রথম পর্যায়ে পাইলটিং দিনাজপুর সদর উপজেলা পরবর্তীতে নীলফামারী জেলার সকল উপজেলায়। বর্তমানে রংপুর বিভাগের প্রতিটি জেলায় বাস্তবায়ন হচ্ছে। সফটওয়্যারটি সারা দেশে বাস্তবায়নের উপযোগি রয়েছে। প্রয়োজনীয় নির্দেশনা পেলে সারা দেশে বাস্তবায়ন সম্ভব।

**(জ) প্রকল্প উপকারভোগী :** রংপুর বিভাগের বাস্তবায়নকৃত জেলা / উপজেলাসমূহের সকল সমবায় সমিতির সদস্যবৃন্দ।

(ঝ) **প্রকল্পের গৃহীত সমাধানের ফলে অর্জিত ফলাফল :**

| প্রকল্প বাস্তবায়নের পূর্বে (T C V এর আলোকে ) | প্রকল্প বাস্তবায়নের পরে( বর্তমানে ) (T C V এর আলোকে ) |
|---|---|

**প্রকল্প বাস্তবায়নের পূর্বে (T C V এর আলোকে )**

| বিবরণ | সময়( T) | খরচ( C) | যাতায়াত( V) | মান (Q) |
|---|---|---|---|---|
| নির্বাচন | ৫-১০ দিন | ১০০ -- ৫০০/- | ১-৩ বার | manual |
| অন্তর্বর্তী কমিটি গঠন | ৫-১০ দিন | ১০০ -- ৫০০/- | ১-৩ বার | manual |
| এজিএম | ৫-১০ দিন | ১০০ -- ৫০০/- | ১-৩ বার | manual |
| অডিট | ৫-১০ দিন | ১০০ -- ৫০০/- | ১-৩ বার | manual |
| অন্যান্য | ৫-১০ দিন | ১০০ -- ৫০০/- | ১-৩ বার | manual |

**প্রকল্প বাস্তবায়নের পরে( বর্তমানে ) (T C V এর আলোকে )**

| বিবরণ | সময়( T) | খরচ( C) | যাতায়াত ( V) | মান (Q) |
|---|---|---|---|---|
| নির্বাচন | ০ দিন | ২/- | ০ বার | digital |
| অন্তর্বর্তী কমিটি গঠন | ০ দিন | ২/- | ০ বার | digital |
| এজিএম | ০ দিন | ২/- | ০ বার | digital |
| অডিট | ০ দিন | ২/- | ০ বার | digital |
| অন্যান্য | ০ দিন | ২/- | ০ বার | digital |

অনেক উদ্যোগ এর সুফল টিসিভি দিয়ে বুঝানো যাবে না সমিতির কমিটি পুনর্গঠনসহ ব্যবস্থাপনা কমিটির সাথে সার্বিক যোগাযোগ এর ক্ষেত্রে এ সফট্ওয়্যারটি একটি কার্যকর ভুমিকা পালন করবে বলে বলে আমার বিশ্বাস। কম্পিউটার ও ল্যাপটপ ছাড়াও শুধুমাত্র স্মার্ট ফোনে ডাটা এন্ট্রিসহ সকল প্রক্রিয়া এ সফট্ওয়্যারটিতে করা সম্ভব। কমিটির মেয়াদ সংক্রান্ত ম্যাসেজ পরবর্তী যে কোন সময়েও একাধিকবার প্রেরণ করা যেতে পারে। এ-ছাড়া এ.জি.এম, লভ্যাংশ বিতরন ও অডিট সংক্রান্ত এমনকি অন্য যে কোন জরুরী ম্যাসেজ সমিতির সভাপতি/ সম্পাদক বরাবরে তাৎক্ষনিক প্রেরণ করা যাচ্ছে।

**২। সেবাটি আইডিয়া হিসেবে গ্রহণের যৌক্তিকতাঃ** প্রকল্পটি পুরোপুরি ভাবে আমাদের সমবায় বিভাগের সার্ভিস রিলেটেড। যেহেতু সমবায় কর্মকর্তাগনের কাজের অথবা সমবায় সমিতি গুলোকে মনিটরিং/ সেবা প্রদানের মুল উপাদান যেমন- (ক) নিয়মিত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে সমিতি পরিচালনা,(খ) নিয়মিত এজিএম ও লভ্যাংশ বন্টন,(গ) হালনাগাদ অডিট সম্পাদন, প্রশিক্ষন সহ অন্যান্য গুরুত্বপুর্ন কাজ সম্পাদন এর সবক'টি উপাদানই এ সফটওয়্যার-এ রয়েছে, আর সে কারনেই সফটওয়্যারটির মাধ্যমে সমিতির কাজ মনিটরিং করাও অতি সহজ হয়েছে,কাজেই প্রকল্পটি টেকসই হওয়া সম্ভব।

সফট্ওয়ারটি যে কোন স্মার্ট ফোনে ব্যবহার উপযোগী হওয়ায় এডমিন (জেলা সমবায় অফিসার) ও সহযোগী এডমিন (উপজেলা সমবায় অফিসার) যে কোন স্থান থেকেই অতি সহজেই অল্প সময়ের মধ্যেই জেলার বা উপজেলার সমবায় সমিতিগুলির সর্বশেষ অবস্থা দেখে তাৎক্ষনিকভাবে সমিতির সাথে মোবাইল ফোনে প্রয়োজনীয় যোগাযোগ ও দিক নির্দেশনা প্রদান করতে পারেন। এছাড়াও মেন্টর যুগ্ম-নিবন্ধক স্যার এবং সর্বপোরি সমবায় অধিদপ্তরের মাননীয় নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় নিজ নিজ এডমিন সাইট হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারেন।

**৩।প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সম্পদ সংগ্রহ / অর্থের উৎসঃ** বর্তমানে ব্যক্তিগত উদ্যেগে অর্থ সংগ্রহ পূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

নিম্নে প্রকল্পটি পুরোপুরি বাস্তবায়নে ব্যয়ের একটি বিবরণ ও আয়ের উৎস প্রদান করা হ'ল।

| প্রয়োজনীয় সম্পদ | | | কোথা হতে পাওয়া যাবে? |
|---|---|---|---|
| খাত | বিবরণ | প্রয়োজনীয় অর্থ | - |
| জনবল | বিদ্যমান | - | - |
| বস্তুগত | সফটওয়্যার তৈরী, ম্যাসেজ বান্ডিল ক্রয় ইত্যাদি | ৪,০০,০০০/- | সমবায় অধিদপ্তরের গবেষণা / উদ্ভাবনী খাত |
| অন্যান্য | সমিতি পর্যায়ে প্রচার ও অবহিত করণ | ৫০,০০০/- ( উপজেলা ভিত্তিক ) | সমবায় অধিদপ্তর/এটুআই/উপজেলা পরিষদ |

**৪।প্রকল্প বাস্তবায়নে ঝুঁকি / চ্যালেঞ্জ:**প্রকল্পটি বাস্তবায়নে তেমন উল্লেখযোগ্য ঝুকি নেই। তবে সফটওয়্যারটি_পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সার্ভর বা অন্যান্য যে কোন কারিগরি ত্রুটি দেখা দিলে সংশ্লিষ্ট ( যে প্রতিষ্ঠান কর্তৃক তৈরী করা হয়েছে ) প্রতিষ্ঠনের এক্সপার্ট দিয়ে তা সমাধান করিয়ে নেয়া হবে। এ মর্মে চুক্তি পত্রে প্রয়োজনীয় শর্ত আরোপ করা আছে।

**৫।উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া / অনুভূতি:** এ প্রকল্পের মূল উপকারভোগী বা অংশীজন হচ্ছে সমবায় সমিতির সদস্যবৃন্দ। প্রতিটি স্মার্ট ফোন বা কম্পিউটারে গুগল ক্রমে( GOOGLE CHROME ) www.coopmanagedev.gov.bd লিখে সফটওয়্যারটির হোম পেজ পাওয়া যাবে। হোম পেজে সংশ্লিষ্ট বিভাগ,জেলা ও উপজেলা সিলেক্ট করলে ঐ উপজেলার সমবায় সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত এন্ট্রি দেয়া তথ্য সমিতির সদস্যগণ যে কোন সময়ে দেখতে পারেন। এই সেবা প্রদানের সাথে জড়িত উপজেলা সমবায় কর্মকর্তা সহ,সহ:পরিদর্শক গণ,মেন্টর যুগ্ম-নিবন্ধক স্যার এবং সর্বপোরি সমবায় অধিদপ্তরের মাননীয় নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় নিজ নিজ এডমিন সাইট হতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে পারছেন। সেবা প্রদানের লক্ষ্যে ইতোমধ্যে প্রকল্প এলাকার জেলা / উপজেলা সমবায় কর্মকর্তাগণকে সফটওয়ারটি ব্যবহারের সম্যক ধারণা প্রদান করা হয়েছে। সীমিত আকারে সমবায়ীগণের মাঝেও প্রচার – প্রচারণা চালানো হয়েছে। **অনলাইন এ সেবায় সেবা দাতা সংশ্লিষ্ট সমবায় কর্মকর্তাগণ এবং সেবা গ্রহীতা সমবায় সমিতির সদস্যরা উভয়েই দারুনভাবে খুশি।** ডিজিটাল বাংলাদেশ বির্নিমানে সমবায় সমিতিতে এ ডিজিটাল সেবা প্রাপ্তীতে তারা একটি চেতনা খুজে পেয়েছে। সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্য দিয়ে নির্বাচন হচ্ছে। কোন কোন সময়ে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিরাও এই নির্বাচন ও এজিএম এবং লভ্যাংশ বন্টনের সঙ্গে সম্পৃক্ত হচ্ছেন।

**৬। উদ্ভাবনী সেবার একটি সংক্ষিপ্ত ভিডিও লিঙ্কঃ**



Innovation HD.mp4


**ভিডিও লিংক:**

https://m.facebook.com/story.php?story_fbid=522130064917242&id=379812949148955

৭। আইডিয়া বাস্তবায়নের চিত্রঃ

2:03 PM 73%

সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন a2i




আসুন সমবায়ের যাদুস্পর্শে সুপ্ত গ্রামবাংলাকে জাগিয়ে তুলি।
নব-সৃষ্টির উন্মাদনায় আর জীবনের জয়গানে তাকে মুখরিত করি।

-জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

# আমাদের কথা


"বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন"। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায়ের মাধ্যমে এদেশের সাধারন মানুষের ভাগ্যন্নয়নের স্বপ্ন দেখেছিলেন এবং কাজ শুরু করেছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাও বঙ্গবন্ধুর দর্শনকে সামনে নিয়ে সমবায়কে উন্নয়নের একটি অন্যতম মডেল হিসেবে বেছে নিয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীর





67% 3:43 p.m.
w.coopmanagedev.com
সমবায়
ব্যবস্থাপনা উন্নয়ন
প্রথম পাত
Abdus Sabur
District Cooperative office, Nilphamari
প্রথম পাতা
নতুন U.C.O নিবন্ধন
সকল U.C.O তালিকা
U.C.O দের মেসেজ পাঠান
লগ আউট


# সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন

Cooperative
Management Development








সমবায় শক্তি !!
সমবায় মুক্তি !!!
বিশেষ সাধারণ সভা ও নির্বাচন ২০১৯ইং
স্থান: নীলফামারী সিডিপি'র হল রুম
তারিখ ঃ ২০-০৩-২০১৯ইং
সু প্রতিবেশী
সমবায় সমিতি
Good Neighbors Bangladesh

সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন a2i

▸ বাংলাদেশের তথ্য বাতায়ন

▸ এটুআই

▸ সমবায় অধিদপ্তর


▸ বাংলাদেশ সমবায় একাডেমি


| | |
|---|---|
| সাইটটি শেষ হাল-নাগাদ করা হয়েছে | : ২০২০-০১-১৪ |
| নিবন্ধিত সমবায়ের সংখ্যা | : ২১৭ |
| সাইটে ভিজিটর সংখ্যা | : ৩২৪ |
| আইডিয়া উদ্ভাবনকারী | : মোঃ আব্দুস সবুর<br>উপ-সহকারী নিবন্ধক |

2:04 PM 73%

সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন

# সাম্প্রতিক ছবি







67% 3:46 p.m.

সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন a2i



## সকলকে পাঠান

ম্যাসেজ লিখুন...

SEND

## একজন কে পাঠান

SELECT UCO

ম্যাসেজ লিখুন...

SEND

64% 4:07 p.m.

://coopmanagedev.com

সমবায়
ব্যবস্থাপনা উন্নয়ন

প্রথম পাতা

সমিতি অনুসন্ধান

সফটওয়্যার সম্পর্কে


**Breaking News**

PREV NEXT

(02-19-2019) প্রত্তেক সমিতিকে ব্যাংক হিসাব খুলে আর্থিক লেনদেন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল। ...



৮। আইডিয়াটির ইনফোগ্রাফিক্স:




**উপসংহারঃ** ইতোমধ্যে প্রকল্পটি বাস্তবায়নে জেলা / উপজেলা সমবায় অফিসারগণ এ সফটওয়ার ব্যবহার করে যথেষ্ট উপযোগিতা পাওয়ায় সম্মানিত মেন্টর যুগ্ম-নিবন্ধক,রংপুর মহোদয় পুরো রংপুর বিভাগে এটি বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন। এরপরে বৃহৎ পরিসরে এটিকে ব্যবহার করা গেলে সমবায় অধিদপ্তরের সেবা প্রদান বহুলাংশে সহজ হবে। উল্লেখ্য যে ইতোমধ্যেই সফটওয়্যারটি সারাদেশে ব্যবহারের উপযোগি করে তৈরী রয়েছে।